

৪২

কাপাসিয়া পাইলট

হাইস্কুল নানা

সমস্যা

কালীগঞ্জ (গাজীপুর) সংবাদদাতা ॥
কাপাসিয়া পাইলট হাইস্কুলটি প্রতিষ্ঠা
লাভের ৬২ বৎসর পরেও অবকাঠামো
মোগত উন্নয়নের ক্ষেত্রে আজ পর্যন্ত
তেমন কোন কাজ হয় নাই।

১৯৩৮ সালে ব্রিটিশ শাসনামলে
সাবেক ঢাকা জেলার কাপাসিয়ায়
এই মাইনর স্কুলের যাত্রা শুরু হয়।
স্থানীয় দানবীর শিক্ষানুরাগীদের
১৮ বিঘা জমি প্রদানের ভিত্তিতে
১৯৩৮ সালে একটি টিনের ঘরে
কাপাসিয়া মাইনর স্কুলটি চালু করা
হয়। ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি
পাওয়ায় ১৯৫৫ সালে আরও একটি
টিনের ঘর নির্মাণ করা হয়।
১৯৭৮ সালে ইহাকে কাপাসিয়া পাইলট
হাইস্কুল নামকরণ করা হয়। ঝড়-
বৃষ্টির সময় দীর্ঘ কয়েক বৎসর যাবৎ
এই বিদ্যালয়ের ব্যবহার উপযোগী-
পর্যাপ্ত ক্লাসরুমের অভাবে ১২ শতা
ধিক ছাত্র-ছাত্রীর লেখাপড়া ব্যাহত
হইতেছে। বর্ষাকালে অর্থাভাবে
সংস্কারবিহীন পুরাতন টিন শেড
২টিতেও ক্লাস নেওয়া যায় না।

একমাত্র ছাত্রছাত্রীর বেতন ছাড়া
প্রতিষ্ঠানটির বিকল্প কোন আয়ের
উৎস না থাকায় বিদ্যালয়ের ২৩
জন প্রবীণ শিক্ষক তাহাদের বেতনের
বেসরকারী অংশ হইতেও বঞ্চিত
রহিয়াছেন।